

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৭]

১। ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩৮.কাবীরাহু গুনাহ্ এবং এর মধ্যে সর্বাপেক্ষা বড় গুনাহ।

باب بَيَانِ الْكَبَائِرِ وَأَكْبَرِهَا

আরবী

حَدَّثَنِي عَمْرُو بْنُ مُحَمَّد بْنِ بُكَيْرِ بْنِ مُحَمَّد النَّاقِدُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّة، عَنْ سَعِيد الْجُرَيْرِيِّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي بَكْرَةً، عَنْ أَبِيهِ، قَالَ كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الْجُرَيْرِيِّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي بَكْرَةً، عَنْ أَبِيهِ، قَالَ كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " أَلاَ أُنْبِئُكُمْ بِأَكْبَرِ الْكَبَائِرِ لَ ثَلاَثًا لَا الإِشْرَاكُ بِاللَّهِ وَعُقُوقُ الْوَالِدَيْنِ وَشَهَادَةُ الزُّورِ أَوْ قَوْلُ الزُّورِ ". وَكَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مُتَّكِئًا فَجَلَسَ فَمَازَالَ يُكَرِّرُهَا حَتَّى قُلْنَا لَيْتَهُ سَكَتَ .

বাংলা

১৬০-(১৪৩/৮৭) 'আমূর ইবনু মুহাম্মাদ ইবনু বুকায়র ইবনু মুহাম্মাদ আন নাকিদ (রহঃ) আবূ বকরাহ (রাযিঃ) বলেন যে, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম এর নিকট উপস্থিত ছিলাম। তখন তিনি বললেন, আমি কি তোমাদের কবীরাহ গুনাহ* সম্পর্কে বলব না? তিনি এ কথাটি তিনবার বললেন। (তারপর বললেন, সেগুলো হলো- (১) আল্লাহর সাথে শারীক করা; (২) পিতামাতার অবাধ্য হওয়া; (৩) মিথ্যা সাক্ষ্য দেয়া কিংবা কথা বলা। এ সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম হেলান দিয়ে বসা ছিলেন। তিনি সোজা হয়ে বসলেন এবং (শেষোক্ত) কথাটি বারবার বলতে লাগলেন। এমন কি আমরা মনে মনে বলছিলাম, আহা তিনি যদি থামতেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ১৬১, ইসলামিক সেন্টারঃ ১৬৭)

English

Chapter: The major sins and the most serious of them

It is narrated on the authority of 'Abdur-Rahman b. Abu Bakra that his father said: We were in the company of the Messenger of Allah (ﷺ) that he observed: Should I not inform you about the most grievous of the grave sins? (The Holy Prophet) repeated it three times, and then said: Associating anyone with Allah, disobedience to parents, false testimony or false



utterance. The Prophet was reclining, then he sat up, and he repeated it so many times that we wished that he should become silent.

ফুটনোট

* কাবীরাহ গুনাহের বর্ণনাঃ ইমাম নাবাবী বলেন, 'আলিমদের এ ব্যাপারে মতবিরোধ আছে। ইবনু আব্বাস (রাযিঃ) বলেন, যে জিনিস সম্পর্কে আল্লাহ নিষেধ করেছেন, তা কাবীরাহ গুনাহ। আবূ ইসহাক ও কাযী আয়ায বলেন, সত্যাম্বেষীগণ এটা গ্রহণ করেছেন। ইবনু আব্বাস (রাযিঃ) হতে বর্ণিত। কাবীরাহ গুনাহ এমন কাজকে বলা হয় যাতে আল্লাহ জাহান্নাম, গোস্বা, অভিসম্পাত আর শাস্তির কথা উল্লেখ করেছেন আর এ জাতীয় শব্দ আরো আছে। তাবিঈ হাসান বাসরী হতে এটাই বর্ণিত হয়েছে। আর কেউ বলেন, যে পাপের দরুন আল্লাহ পরকালে জাহান্নামের ওয়া'দা করেন কিংবা ইহকালে শাস্তির কথা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন